

## পাবনায় কোচিং সেন্টার ও ভর্তি পরীক্ষার প্রশ্ন এক

**নিজস্ব সংবাদদাতা, পাবনা, ২৪ ডিসেম্বর।** পাবনা জেলা স্কুলের ৩য় শ্রেণীতে ভর্তি পরীক্ষার প্রশ্নের সঙ্গে ফেয়ার কোচিং সেন্টারের ১৫ দিন আগে দেয়া প্রশ্নের হুবহু মিল খুঁজে পাওয়ায় অভিভাবকমহলে ব্যাপক ক্ষোভ ও অসন্তোষের সৃষ্টি হয়েছে। এ ঘটনার প্রতিবাদে ও তদন্তের দাবিতে অভিভাবকমহল শনিবার পাবনা প্রেসক্লাবের সামনে মানববন্ধন করেছে। জানা গেছে, পাবনা শহরের জুবলী ট্যাঙ্ক অবস্থিত ফেয়ার কোচিং সেন্টারে ১৫ দিন আগে পরীক্ষা নেয়া হয়। এই প্রশ্নের সঙ্গে পাবনায় ২১ ডিসেম্বর অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার প্রশ্ন হুবহু মিলে যায়। এ কোচিং সেন্টারের ২৬ জন শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়। এ ঘটনায় পাবনায় অভিভাবকদের মধ্যে তোলাপাড়ের সৃষ্টি হয়। এ ব্যাপারে জেলা প্রশাসক রেখা রানী বালো জানিয়েছেন, পরীক্ষার আগের রাতে প্রশ্ন তৈরি করে তার নিজ দায়িত্বে রাখা ছিল। প্রশ্ন ফাঁসের সম্ভাবনা তিনি নাকচ করে দেন। পরীক্ষা

কমিটির কেন্দ্র সচিব সুশান্ত কুমার দেব জানিয়েছেন, পরীক্ষার প্রশ্ন তৈরির সঙ্গে তার বা অন্যান্য বিদ্যালয়ের কোন সংশ্লিষ্টতা নেই। জন্ম প্রশাসনের নির্দেশে তারা পরীক্ষা গ্রহণ ও খাতা মূল্যায়ন করেন মাত্র। অভিভাবকমহল প্রশ্ন তুলেছেন, জেলা প্রশাসন কেমন প্রশ্ন তৈরি করল যে, ফেয়ার কোচিংয়ের প্রশ্নের সঙ্গে হুবহু মিলে গেল। তবে সংশ্লিষ্ট মহল জানিয়েছে, জেলা প্রশাসনের জনৈক কর্মকর্তার সঙ্গে জেলা স্কুলের জনৈক শিক্ষকের সখ্যতা থাকায় এবং জেলা স্কুলের ঐ শিক্ষকের স্ত্রীর ভাই সরকারী বুলবুল কলেজে চাকরিরত এবং তিনি ফেয়ার কোচিং সেন্টারের সঙ্গে জড়িত হওয়ায় ফেয়ার কোচিং সেন্টারের প্রশ্ন সরবরাহ করা হয়েছে। অপর একটি সূত্র জানায়, ফেয়ার কোচিং সেন্টারের পরিচালক মোতালেবের সঙ্গে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) কম্পিউটার অপারেটর সূজনের সখ্য সূত্রে প্রশ্ন সরবরাহ করা হয়েছে।